দৈনিক ইনকিলাব



তারিখ ... MAR. 09 2000
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বোর্ড এসএসসি সাধারণ বিজ্ঞান প্রশ্নপত্রে ভুল

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার সাধারণ বিজ্ঞান প্রশ্নপত্রে ক্রমিক নম্বরের ভুলের কারণে ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়েছিল। বোর্ডের এ ভুলের খেসারত দিতে হবে ছাত্র-ছাত্রীদের। পরীক্ষা কেন্দ্রে পরিদর্শকরা এ সমস্যার সমাধান দিতে পারেননি।

গতকাল বুধবার ছিল ঢাকা বোর্ডের কলা ও বাণিজ্য বিভাগের সাধারণ বিজ্ঞানের পরীক্ষা। 'খ' সেটের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে ক্রমিক নম্বরেই ছিল ভুল। ১ থেকে ২২ পর্যন্ত ক্রমিক সংখ্যা সঠিক থাকলেও প্রশ্নপত্রে ২৩ নম্বর ছিল না। এরপর ২৪ ও ২৫ ক্রমিক সংখ্যার পর প্রশ্নপত্রে ২৬ নম্বর ছিল দু'বার। এই ভুলের কারণে পরীক্ষার্থীরা বিভ্রান্তির মধ্যে পড়ে। কম্পিউটার নাম্বারিং-এর কারণে অনেকেই ৪টি নম্বর থেকে বঞ্চিত হবে। গতকাল পরীক্ষার্থী ছাড়াও অভিভাবকদের মধ্যেও এ নিয়ে উদ্বেগ দেখা দেয়।